

যুগান্তর

তারিখ ০৩ ০৬ ২০০২

পৃষ্ঠা ২৬ কলাম ৩

সবার সহযোগিতা ছাড়া অস্ত্র ও সন্ত্রাসমুক্ত ক্যাম্পাস সম্ভব নয়

শিক্ষামন্ত্রী

যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন,
শিক্ষক ও ছাত্ররা রাজনৈতিক চিন্তাধারার

শিক্ষামন্ত্রী : পৃষ্ঠা : ২ কলাম : ৩

শিক্ষামন্ত্রী : ক্যাম্পাস (শেষ পৃষ্ঠার পর)

সঙ্গে সম্পৃক্ত এবং সচেতন থাকবেন এটা
স্বাভাবিক। কিন্তু তারা ক্যাম্পাসকে দলীয়
রাজনীতির আখড়ায় পরিণত করে শিক্ষার
পরিবেশ নষ্ট করবেন তা কারও কাম্য নয়।
আর রাজনৈতিক দলগুলোর সহযোগিতা
ছাড়া অস্ত্রবাজ সন্ত্রাসমুক্ত ক্যাম্পাস সম্ভব
নয়। তবে সরকার ক্যাম্পাসে যার হাতে
অস্ত্র পাবে তার বিরুদ্ধেই কঠোর ব্যবস্থা
নেবে। গতকাল বিকালে ঢাকা রিপোর্টার্স
ইউনিটি আয়োজিত 'মিট দ্যা রিপোর্টার্স'
অনুষ্ঠানে তিনি একথা বলেন। ইউনিটি
মিলনায়তনে সংগঠনের সভাপতি
শাহজাহান সরদারের উপস্থাপনায় মন্ত্রী
শিক্ষাঙ্গন, শিক্ষার পরিবেশ, বর্তমান
সরকারের শিক্ষার উন্নয়নে নানা চিন্তাভাবনা
নিয়ে খোলামেলা কথা বলেন। এ সময়
ইউনিটির সাধারণ সম্পাদক মোতাহের
হোসেন মাসুম উপস্থিত ছিলেন। শিক্ষামন্ত্রী
ড. ওসমান ফারুক ছাত্র রাজনীতির
গৌরবোজ্জ্বল অতীত ইতিহাস উল্লেখ করে
বলেন, সরকার চায় ছাত্ররা বিভিন্ন জাতীয়
ইস্যু নিয়ে কথা বলুক। কিন্তু ক্যাম্পাসে
দলীয় রাজনীতির জন্য পরিবেশ যেন নষ্ট
না হয়।

শিক্ষামন্ত্রী বলেন, মন্ত্রীদের দৌড়ঝাঁপ আর
পুলিশ দিয়ে নকল প্রতিরোধ করা যায় না।
নকল প্রতিরোধের উদ্যোগ একটি সাময়িক
ব্যাপার। নকল প্রতিরোধে শিক্ষক ও
ছাত্রদের পড়াশোনায় মনোযোগ দিতে
হবে। সংস্কারের মাধ্যমে লেখাপড়ার মান
বাতাতে হবে।

মন্ত্রী বলেন, নকল প্রতিরোধে যেটুকু
সাফল্য এসেছে তা মন্ত্রণালয়ের কৃতিত্ব
নয়। সব রাজনৈতিক দল, অভিভাবক,
ছাত্র-শিক্ষক ও সুশীল সমাজের
সহযোগিতার জন্যই এসেছে।

ড. ওসমান ফারুক রিপোর্টারদের বিভিন্ন
প্রশ্নের জবাবে বলেন, বিশ্বায়নের যুগে
শ্রমবাজারকে সামনে রেখে লেখাপড়ার
ব্যবস্থা করতে হবে। মাতৃভাষাকে সবার
ওপরে রাখতে হবে। কিন্তু ইংরেজিকে
অবহেলা করলে চলবে না। এমনকি ফরাসি
ও আরবি ভাষাকে গুরুত্ব দিতে হবে। মন্ত্রী
বলেন, আজ হর্ষবর্ধনের ইতিহাস বেশি
পড়ে লাভ নেই।